

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ অধিশাখা  
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.২৭.০০৩.১৫. ৬৬৩

তারিখ : ২৯ আষাঢ়, ১৪২৩ বঙ্গাব্দ।  
১৩ জুলাই, ২০১৬ খ্রিঃ।

### অফিস আদেশ


যেহেতু নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলার কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব কামাল হোসেন কর্তৃক সরকারি দায়িত্ব পালনকালে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার এর সাথে ঔদ্ধত্য আচরণ করায় তাকে কুতুবপুর ইউপি চেয়ারম্যান পদ থেকে বরখাস্ত করার জন্য নির্বাচন কমিশন সচিবালয় হতে অনুরোধ জানানো হয়েছে;

যেহেতু স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৪)(ঘ) মোতাবেক তার দ্বারা ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন হবেনা;

যেহেতু, উল্লিখিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারকে হুমকি প্রদান ও তাঁর সাথে ঔদ্ধত্য আচরণ করায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, বেগমগঞ্জ উপজেলার কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব কামাল হোসেনকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) মোতাবেক সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।


  
(মোঃ মাহাবুবুর রহমান)  
উপসচিব  
৯৫৮৬৬০৫  
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.২৭.০০৩.১৫. ৬৬৩

তারিখ : ২৯ আষাঢ়, ১৪২৩ বঙ্গাব্দ।  
১৩ জুলাই, ২০১৬ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, নোয়াখালী।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, বেগমগঞ্জ, নোয়াখালী।
- ০৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। জনাব কামাল হোসেন, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), কুতুবপুর ইউনিয়ন পরিষদ, বেগমগঞ্জ, নোয়াখালী।

  
(মোঃ মাহাবুবুর রহমান)  
উপসচিব